

# ভূমিকম্পে শেকুবির ৭ হলের তিনটিতে ফাটল, একটির লিফট বিকল

শেকুবি প্রতিনিধি

২১ নভেম্বর ২০২৫, ০৩:০৬ পিএম



সারাদেশে ৫ দশমিক ৭ মাত্রার ভূমিকম্পের পর রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের তিনটি হলে ফাটল দেখা গেছে। এ ছাড়া একটি হলের লিফটেরইমার্জেন্সি সিস্টেমে বন্ধ হয়ে যায়। যা এখনো চালু করা সন্তুষ্ট হয়নি।

শুক্রবার (২১ নভেম্বর) সকাল ১০টা ৩৮ মিনিটে অনুভূত ভূমিকম্পে এই ক্ষয়ক্ষতি ঘটে।

খোঁজ নিয়ে দেখা যায়, বিজয়-২৪ হলে এ ব্লকের ১০ তলায়, বি ব্লকের ৮ তলায়, নবাব সিরাজউদ্দৌলা হলের বি ব্লকের লিফট এরিয়াতে এবং বিশ্ববিদ্যালয়ের অপরাজিতা-২৪ হলে ফাটল দেখা গেছে। একটি লিফট ভূমিকম্পের সময় ইমার্জেন্সি সিস্টেমে বন্ধ হয়ে যায়, যা এখনো চালু হয়নি।

এদিকে ভূমিকম্পের পর হলগুলোতে ফাটলের কারণে আতঙ্কিত হয়ে পড়েছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। তারা বলছেন, দ্রুত সময়ের মধ্যে হলগুলোর সামগ্রিক পরিচর্যা দরকার।

তবন তৈরির সময় নিম্নমানের সামগ্রী ব্যবহারে এই ঝুঁকি আও বেড়েছে বলে জানান তারা। দ্রুততম সময়ে বিশ্ববিদ্যালয়ের হলগুলোর ফিটনেস টেস্ট করানোর দাবি জানান শিক্ষার্থীরা।

লিফটের বিষয়ে লিফট ইলেকট্রিশিয়ান ফরহাদ হাসান বলেন, ‘ভূমিকম্পের সময় দ্রুতিগতিতে থাকা অবস্থায় হঠাৎ ঝাঁকির কারণে জরঁরি সিস্টেমে লিফট অফ হয়ে যায়। আজকে যেহেতু অফ ডে, তাই আগামীকাল প্রথম আওয়ারের মধ্যে আশা করি লিফট ঠিক হয়ে যাবে।’

এ বিষয়ে শেকুবি ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. আশাবুল হক বলেন, ‘হলগুলো আমরা পরিদর্শনে গেছিলাম। হলগুলোতে ছাত্রদের জন্য কোনো রিস্ক ফ্যাট্র আছে কিনা তা চিহ্নিত করে এক্সপার্ট ও আমাদের ইঞ্জিনিয়ারের পরামর্শ ক্রমে পদক্ষেপ নেওয়া হবে।’

